

স্মারক নং ০৫.১২.২৯১৮.০০১.০১.০৫৬.২২-১১৫৩

তারিখ : ০৩/০৩/২০২২ খ্রি.।

**উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার বোয়ালমারী রেল স্টেশন হতে রাজ প্রাজা পর্যন্ত রাস্তা বোয়ালমারী পৌরসভা কর্তৃক প্রশস্তকরণের লক্ষ্যে রাস্তার পাশ্ববর্তী ৬০(ষাট) টি মেহগনি গাছ কর্তনের অনুমোদন প্রাপ্তির নিমিত্ত বোয়ালমারী পৌরসভার স্মারক নং- বোঃপৌঃ/ফরিদ/প্রশা/২০০৫/১৮৭/২৯৭; তারিখ: ২০/০৮/২০২০ খ্রি. এর আবেদনের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ০৪ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০১.১৭.৮৭৮ নং স্মারকপত্রের মাধ্যমে অনুমতি প্রদান করে এবং জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর ২১ অক্টোবর ২০২১ খ্রি. তারিখের ০৫.১২.২৯০০.০১০.০৭.০০৪.১৮-৫২২ নং স্মারকপত্রে অনুমতি প্রদান করা হয়েছে। উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, জেলা কার্যালয়, ফরিদপুর এর ১৯ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখের ২২.০২.২৯০০.১৪৫.৫১.০১৭.২১.৬০৪ নং স্মারক পত্রের মাধ্যমে উক্ত গাছসমূহ কর্তনের বিষয়ে প্রয়োজনীয় মতামত পাওয়া যায়। উক্ত গাছসমূহের মধ্যে ২১টি গাছ জেলা প্রশাসক, ফরিদপুর এর নামে রেকর্ডীয় সম্পত্তির উপর এবং অবশিষ্ট ৩৯টি গাছ উপজেলা পরিষদ, বোয়ালমারী এর নামে রেকর্ডীয় সম্পত্তির উপর অবস্থিত। উল্লিখিত উন্নয়ন প্রকল্প সূচ্য বাস্তবায়নের স্বার্থে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয়ের নামে রেকর্ডীয় সম্পত্তির উপর অবস্থিত ২১টি গাছ জরুরী ভিত্তিতে নিলামের মাধ্যমে অপসারণ করার নিমিত্ত উপজেলা পর্যায়ে গাছ কর্তন/নিলাম বিক্রয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক, বর্ণিত গাছসমূহ যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায়ই আগামী ১৪/০৩/২০২২ খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ হলরুম, বোয়ালমারী, ফরিদপুর-এ খোলা নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যবসায়ী/ঠিকাদার/প্রতিষ্ঠান/ব্যক্তিদের নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে খোলা নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য আহ্বান করা হলো।

**নিলাম শর্তাবলি:**

- ১। নিলামে অংশগ্রহণকারীকে অংশগ্রহণের পূর্বেই জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা পর্যায়ে গাছ কর্তন/নিলাম বিক্রয় কমিটি, বোয়ালমারী, ফরিদপুর এর অনুকূলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নগদ/পে-অর্ডার জমা প্রদান পূর্বক উক্ত নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। যার ডাক গৃহীত হবে অর্থাৎ সর্বোচ্চ ডাককারী, নিলাম ডাকমূল্যের উপরে অতিরিক্ত আয়কর ৫% এবং ভ্যাট ১৫% টাকা নগদ/সুনির্দিষ্ট সরকারি কোডে জমা প্রদান করে চালানের কপি নিলাম কমিটির নিকট প্রদান করবেন।
- ৩। নিলাম ডাকের পরপরই সর্বোচ্চ ডাককারী কর্তৃক জেলা প্রশাসক, ফরিদপুর এর নামে রেকর্ডীয় সম্পত্তির উপর ২১টি গাছের নিলাম মূল্যের সমুদয় অর্থ নগদ/সুনির্দিষ্ট সরকারি কোডে জমা করে চালানের কপি নিলামকারী কর্তৃপক্ষের নিকট প্রদান করতে হবে।
- ৪। নিলামের দিনই নিলাম সংশ্লিষ্ট সম্পূর্ণ অর্থ নিলামপ্রাপ্ত ব্যবসায়ী/ঠিকাদার/প্রতিষ্ঠান/ব্যক্তি পরিশোধ করতে না পারলে তার নিলামপ্রাপ্তি বাতিল বলে গণ্য হবে এবং তার জামানতের অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ৫। নিলামে সর্বোচ্চ ডাককারী তথা নিলাম প্রাপ্ত ব্যবসায়ী/ঠিকাদার/প্রতিষ্ঠান/ব্যক্তি নিলামের দিনেই নিলাম মূল্য, আয়কর ও ভ্যাটের টাকা সম্পূর্ণ পরিশোধ করবেন।
- ৬। নিলাম সম্পূর্ণ হওয়ার পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে নিলামকৃত গাছসমূহ সর্বোচ্চ ডাককারী তথা নিলাম প্রাপ্ত ব্যবসায়ী/ঠিকাদার/প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক নিজ উদ্যোগ ও খরচে অপসারণ করতে হবে।
- ৭। নিলামে যেকোন এক ডাক হতে পরবর্তী ডাকের পার্থক্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হতে হবে।
- ৮। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ডাক গ্রহণ বা বাতিলসহ নিলাম সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত গ্রহণ করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।
- ৯। নিলাম সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*(স্বাক্ষর)*  
০৩/০৩/২০২২

(মোঃ রেজাউল করিম)

উপজেলা নির্বাহী অফিসার ও  
সভাপতি

উপজেলা পর্যায়ে গাছ কর্তন/নিলাম বিক্রয় কমিটি,  
বোয়ালমারী, ফরিদপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

- ০১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০২) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩) কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪) জেলা প্রশাসক, ফরিদপুর।
- ০৫) উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
- ০৬) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ফরিদপুর।
- ০৭) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর।
- ০৮) বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, ফরিদপুর।
- ০৯) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।
- ১০) মেয়র, বোয়ালমারী পৌরসভা, বোয়ালমারী, ফরিদপুর।
- ১১) ..... সদস্য,  
উপজেলা পর্যায়ে গাছ কর্তন/নিলাম বিক্রয় কমিটি, বোয়ালমারী, ফরিদপুর।
- ১২) ..... বোয়ালমারী, ফরিদপুর।